যুগান্তর

তারিখ ০7 MAR 2016
পৃষ্ঠা ২৭ কলাম ৬

# এমপিওভুক্তির দাবিতে গাজীপুরে শিক্ষকদের সভা

**গাজীপুর প্রতিনিধি**

এমপিওভুক্তির দাবিতে গাজীপুরে অনার্স-মাস্টার্সে নিয়োগকৃত শিক্ষকদের এক সভা রোববার দুপুরে গাজীপুরের কসমিক কলেজে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ অনার্স-মাস্টার্স শিক্ষক সমিতি গাজীপুর জেলা শাখার সভাপতি ভাওয়াল মির্জাপুর কলেজের প্রভাষক মো. জাহিদুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সমিতির কেন্দ্রীয় সভাপতি মো. নেকবর হোসাইন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সুকমল সেন, মো. আক্তারুজ্জামান, মোল্লা মো. মিজানুর রহমান, মো. মনির হোসেন, দুলাল চন্দ্র কর্মকার, মাসুম বিল্লাহ প্রমুখ। সভায় বলা হয়, দেশে বর্তমানে ৪৬৫টি বেসরকারি কলেজে ১০ হাজার শিক্ষক প্রায় ৪ লাখ শিক্ষার্থীকে অনার্স-মাস্টার্স কোর্সে পাঠদান করাচ্ছে। কিন্তু শিক্ষকদের এমপিওভুক্তি না করায় শিক্ষকরা পরিবার-পরিজন নিয়ে মানবেতর ও অসহায় জীবন কাটাচ্ছে এবং উচ্চ শিক্ষা ব্যাহত হচ্ছে।